# নিউ ইয়র্ক সিটি Green Carts সম্পর্কে সাধারণ তথ্য

নিউ ইয়র্ক সিটি (NYC) Green Carts হল খাবারের গাড়ি এবং ট্রাক যা তাজা ফল এবং শাকসবজি এবং অন্যান্য স্বাস্থ্যকর খাবার সেই সকল পাড়াগুলিতে নিয়ে আসে যেখানে তাজা উৎপাদিত পণ্যের অ্যাক্সেস নেই। Green Cart বিক্রেতাদের অবশ্যই নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্যবিধি দপ্তরের (স্বাস্থ্য বিভাগ) ভ্রাম্যমান ফুড ভেন্ডিং লাইসেন্স থাকতে হবে এবং কার্ট বা ট্রাকের পরিচালকদের অবশ্যই স্বাস্থ্য বিভাগের Green Cart (তাজা ফল ও সবজি) পারমিট থাকতে হবে।

## Green Cart কি ধরনের খাবার প্রদান করতে পারে?

Green Cart-গুলি সম্পূর্ণ, না কাটা কাঁচা ফল এবং সবজি যেমন আস্ত গাজর, কলা, আপেল এবং বেরি প্রদান করে; বোতলজাত পানীয় জল; সাধারণ বাদাম; এবং খাবারের কার্ট বা ট্রাকে খাবার ঠান্ডা রাখার জন্য এবং আগে থেকে প্যাকেজ করে রাখার সরঞ্জাম থাকলে কাটা ফল এবং সবজি প্রদান করে। Green Carts কি বিক্রি করতে পারে তা সম্পর্কে আরো তথ্যের জন্য **nyc.gov/greencarts** এ যান।

## একটি Green Cart কোথায় কাজ করতে পারে?

Green Cart-গুলি মনোনীত পুলিশের অধিক্ষেত্রে কাজ করে। আরো জানতে **nyc.gov/greencarts** এ যান।

## কটি Green Cart পারমিট আছে?

NYC 1,000-টি Green Cart পারমিট উপলব্ধ করেছে: Brooklyn এর জন্য 350, Bronx এর জন্য 350, Manhattan এর জন্য 150, Queens এর জন্য 100 এবং Staten Island এর জন্য 50।

## একটি Green Cart-এর পারমিট পেতে কত খরচ হবে?

- প্রাথমিক খরচগুলি: একটি Green Cart পারমিটের জন্য আবেদন করতে, আপনার একটি বৈধ ভ্রাম্যমান ফুড ভেন্ডিং লাইসেন্স থাকতে হবে। আপনার যদি ইতিমধ্যেই একটি লাইসেন্স না থাকে, তাহলে আপনাকে ভ্রাম্যমান বিক্রেতাদের জন্য ফুড প্রোটেকশন কোর্সের জন্য 53 ডলার দিতে হবে এবং 50 ডলার দিতে হবে, যা দুই বছরের জন্য বৈধ থাকবে। যদি আপনাকে একটি Green Cart পারমিট প্রদান করা হয়, তাহলে পারমিটের দাম 75 ডলার হয় এবং তা দুই বছরের জন্য বৈধ থাকে।
- পুনর্নবীকরণের খরচ: প্রতি দুই বছর পর পর আপনার লাইসেন্স পুনর্নবীকরণ করতে 50 ডলার খরচ হয়, এবং ট্যাক্স ক্লিয়ারেন্সের জন্য 10 ডলার ফি প্রদান করতে হয়। প্রতি দুই বছর পর পর আপনার পারমিট নবায়ন করতে 50 ডলার খরচ হয়।
- একজন মার্কিন যুক্তরাষ্ট্রের যুদ্ধ-প্রবীণ যার নিউ ইয়র্ক স্টেট পেডলারস সার্টিফিকেট আছে, অথবা এই শংসাপত্র সহ একজন যুদ্ধ-প্রবীণের জীবিত পত্নী বা একজন পারিবারিক অংশীদারের জন্য লাইসেন্স এবং পারমিটের ফিয়ের ক্ষেত্রে ছাড় প্রদান করা হয়।

**আমি কিভাবে একটি ভ্রাম্যমান ফুড ভেন্ডিং লাইসেন্স পেতে পারি?**
**311** নম্বরে কল করুন এবং "Mobile Food Vendor License Application" (ভ্রাম্যমান ফুড ভেন্ডিং লাইসেন্সের আবেদন) এর জন্য বলুন বা **www1.nyc.gov/nycbusiness/description/mobile-food-vending-license** এ যান।

**আমি কিভাবে একটি Green Cart এর পারমিটের জন্য আবেদন করতে পারি?**
Green Cart–এর পারমিটগুলি একটি Green Cart পারমিটের অপেক্ষার তালিকায় থাকা মানুষদের জন্য জারি করা হয়। প্রতিটি বোরোর জন্য একটি অপেক্ষার তালিকা রয়েছে। বর্তমান তালিকা শেষ হয়ে গেলে একটি নতুন অপেক্ষার তালিকা তৈরি করা হয়। আপনি খোলা অপেক্ষার তালিকার সময়ের মধ্যে Green Cart এর পারমিটের অপেক্ষার তালিকায় থাকার জন্য আবেদন করতে পারেন। অপেক্ষার তালিকা খোলা থাকার সময়কাল কখন হয় সে সম্পর্কে আরও তথ্য জানার জন্য, **nyc.gov/greencarts** এ যান।

**আমি আমার অপেক্ষার তালিকার আবেদনপত্র জমা দেওয়ার পর কি হবে?**
স্বাস্থ্য বিভাগ অগ্রাধিকার যুক্ত গোষ্ঠী এবং একটি লটারি ব্যবস্থার উপর ভিত্তি করে প্রতিটি বোরোর জন্য আবেদনকারীদের একটি অপেক্ষার তালিকা তৈরি করবে। স্বাস্থ্য বিভাগ আপনাকে আপনার অপেক্ষার তালিকার নম্বর সহ একটি পোস্টকার্ড ডাক মারফত পাঠাবে এবং যখন আপনি বোরো–নির্দিষ্ট অপেক্ষার তালিকাগুলি মধ্যে একটি থেকে নির্বাচিত হবেন তখন আপনাকে একটি পারমিটের আবেদন পত্র পাঠাবে।

একটি অপেক্ষার তালিকার অবস্থানের জন্য অগ্রাধিকার একটি পয়েন্ট সিস্টেমের উপর ভিত্তি করে করা হয়। অক্ষমতা সহ আবেদনকারীদের, প্রতিবন্ধকতা সহ বা অক্ষমতা ছাড়া মার্কিন যুক্তরাষ্ট্রের যুদ্ধ–প্রবীণ এবং ইতিমধ্যেই স্বাস্থ্য বিভাগের ভ্রাম্যমান ফুড পারমিটের অপেক্ষার তালিকায় থাকা আবেদনকারীদের আরও বেশি পয়েন্ট প্রদান করা হয়। প্রতিটি অগ্রাধিকার প্রাপ্ত গোষ্ঠীর মধ্যে থাকা আবেদনগুলিকে এলোমেলোভাবে অপেক্ষার তালিকায় একটি নম্বর বরাদ্দ করা হয়। পারমিটের জন্য আবেদন করতে অবহিত করার সময় আপনি যদি আপনার অগ্রাধিকার প্রাপ্ত গোষ্ঠীর প্রমাণ দেখাতে অক্ষম হন, তাহলে আপনার নির্বাচিত <u>সকল</u> বোরোগুলির জন্য আপনার অপেক্ষার তালিকার আবেদনগুলি প্রত্যাখ্যান করা হবে এবং অপেক্ষার তালিকাগুলি আবার খোলার পরে আপনাকে পুনরায় আবেদন করতে হবে।

**আমি দেখছি যে কিছু বোরোর অন্যদের তুলনায় বেশি Green Cart পারমিট আছে। আমি একাধিক বোরো নির্বাচন করলে কি আমার পাওয়ার সম্ভাবনা ভালো হবে?**
পারমিটের জন্য আবেদন করার জন্য আপনার নির্বাচিত হওয়ার সুযোগ নির্ভর করে কতজন আবেদনকারী আছে, আপনার অগ্রাধিকার প্রাপ্ত গোষ্ঠী এবং আপনি আরও বেশি বোরোতে কাজ করতে ইচ্ছুক কিনা তার উপর। আপনি যখন অপেক্ষার তালিকায় থাকার জন্য আবেদন করেন, তখন সেই সকল বোরোগুলি নির্বাচন করুন যেখানে আপনি একটি Green Cart পরিচালনা করতে ইচ্ছুক। আপনি যদি কেবল একটি বোরোতে কাজ করতে ইচ্ছুক হন, তাহলে আপনার শুধু একটিই নির্বাচন করা উচিত।

**আমি যদি Green Cart অপেক্ষার তালিকাগুলির জন্য আবেদন করি, তাহলে আপনি কি অন্য ভ্রাম্যমান ফুড ভেন্ডিং পারমিটের অপেক্ষার তালিকা থেকে আমার নাম মুছে দেবেন?**

না। অন্যান্য ধরনের ভ্রাম্যমান ফুড ভেন্ডিং পারমিট এবং Green Cart পারমিটের জন্য অপেক্ষার তালিকা ভিন্ন হয়। Green Cart পারমিটের জন্য অপেক্ষার তালিকায় থাকার জন্য আবেদন করলে তা অন্য কোনো ভ্রাম্যমান ফুড ভেন্ডিং পারমিটের অপেক্ষার তালিকায় আপনার স্থিতি বা অবস্থানকে প্রভাবিত করবে না।

**যদি আমার কাছে ইতিমধ্যেই একটি ভ্রাম্যমান ফুড ভেন্ডিং পারমিট থাকে, তাহলে আমি কি একটি Green Cart পারমিটও পেতে পারি?**

আপনার কাছে একবারে কেবল একটি ভ্রাম্যমান ফুড ভেন্ডিং পারমিট থাকতে পারে। আপনি যদি আবেদন করেন এবং একটি Green Cart পারমিটের জন্য নির্বাচিত হন এবং আপনি সেই পারমিটটি গ্রহণ করেন, তাহলে আপনাকে আপনার অন্য ভ্রাম্যমান ফুড ভেন্ডিং পারমিট ফেরত দিতে হবে।

**আমি কিভাবে একটি Green Cart পেতে পারি?**

আপনাকে অবশ্যই আপনার নিজের কার্ট কিনতে হবে এবং আপনি তা পরিচালনা করার আগে স্বাস্থ্য বিভাগ অবশ্যই আপনার কার্টটি পরিদর্শন এবং অনুমোদন করবে। অনুমোদিত কার্ট নির্মাতাদের তালিকা খুঁজতে **nyc.gov/greencarts** এ যান।